



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/সুনামগঞ্জ-৬৫/১১৮

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
২০ মে ২০২৬

বিষয়ঃ- লক্ষীপুর তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসার সহকারী সুপার মোঃ ইমরান সরওয়ার-কে স্বপদে পুনর্বহালসহ ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

- সূত্র: ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/সুনামগঞ্জ-৬৫/৭৭, তারিখ: ২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.
২। উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ এর স্মারক নং-০৫.৪৬.৯০৫০.০০০.১১.০২৩.১৯.৩৬৩
তারিখ: ১১ মার্চ ২০২৬ খ্রি.
৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/সুনামগঞ্জ-৬৫/৯৬, তারিখ: ০৯ এপ্রিল ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলাধীন লক্ষীপুর তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসার সহকারী সুপার মোঃ ইমরান সরওয়ার-কে স্বপদে বহালের বিষয়ে সূত্রোক্ত ১ নং স্মারকে এডহক কমিটির সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ কে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের বিষয়ে মাদ্রাসার সভাপতি সূত্রোক্ত ২ নং স্মারকে উভয় পক্ষের মধ্যে সম্পাদিত অজীকার নামার ঘোষণা (কমিটি সংক্রান্ত মামলা মোকদ্দমায় জড়িত থাকবো না) অনুযায়ী শর্ত প্রতিপালিত হয়েছে কিনা সে বিষয়ে সুস্পষ্ট নির্দেশনার জন্য অনুরোধ করেন। কমিটি সংক্রান্ত মামলার কারণে সহ-সুপারকে স্বপদে পুনর্বহাল ও ভারপ্রাপ্ত সুপার পদে দায়িত্ব প্রদানে কোন আইনগত সমস্যা নাই। বিষয়টি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট আদালতে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণ করেছে ও পরবর্তীতে আরও ব্যবস্থা গ্রহণ করবে। সুতরাং, মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত বিধি মোতাবেক বর্তমান এডহক কমিটি বোর্ডের পূর্বকার পত্র সমূহের আলোকে সাময়িক বরখাস্তকৃত সহ-সুপার মোঃ ইমরান সরওয়ারকে স্বপদে পুনর্বহাল করবেন এবং একই সভায় তাকে বেসরকারি প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর অনুচ্ছেদ ১৭.৪ অনুযায়ী মাদ্রাসার জ্যেষ্ঠতম শিক্ষক হিসাবে ভারপ্রাপ্ত সুপার পদে সহ-সুপারকে দায়িত্ব প্রদানের জন্য সূত্রোক্ত ৩ নং স্মারকে পত্র দেয়া হয়। কিন্তু অদ্যাবধি ভারপ্রাপ্ত সুপার মোঃ ওয়ালীউল্লাহ কর্তৃক এ বিষয়ে সহ-সুপার মোঃ ইমরান সরওয়ারকে কোন সহযোগিতা না করায় এবং উভয় পক্ষের মধ্যে সম্পাদিত চুক্তি লঙ্ঘন করায় প্রতিষ্ঠানের স্বার্থে সহ-সুপার মোঃ ইমরান সরওয়ার পত্র জারির পর থেকে স্বপদে পুনর্বহালসহ ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৩/০৫/২৬

প্রফেসর ছালেহ আহমাদ

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
জামালগঞ্জ, সুনামগঞ্জ;

নং-বামাশিবো/প্রশাসন/সুনামগঞ্জ-৬৫/১১৮(১১)

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
২০ মে ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. জেলা প্রশাসক, সুনামগঞ্জ;
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
৪. জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ;
৬. সদস্যবৃন্দ, লক্ষীপুর তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসা কমিটি, জামালগঞ্জ, সুনামগঞ্জ;
৭. সহকারী সুপার, লক্ষীপুর তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসা, জামালগঞ্জ, সুনামগঞ্জ;
৮. ম্যানেজার, সোনালী/বুপালী/জনতা/অগ্রনী ব্যাংক লি: শাখা, জামালগঞ্জ, সুনামগঞ্জ;
৯. পি.ও টু চেয়ারম্যান (মহোদয়ের অবগতির জন্য), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১০. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১১. অফিস কপি;

মোঃ আব্দুর রশিদ

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd